গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd



তারিখ: ২৪/০৫/১৪৩৩ বঙ্গাব্দ।
০৮/০৯/২০২৬ খ্রিষ্টাব্দ।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৮০.২৬. ২০৯৮

**বিষয়: বাংলাদেশ আনসার ও ভিডিপি লো-কস্ট আবাসন নীতিমালা-২০২৬।**

বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমির অভ্যন্তরে লো-কস্ট আবাসনের বাসা বরাদ্দ, বাতিল এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা তথা সুশৃঙ্খল আবাসন ব্যবস্থাপনা নিশ্চিত করণের জন্য নিম্নরূপ নীতিমালা জারি করা হলো।

২। **শিরোনাম**। এই নীতিমালা **"বাংলাদেশ আনসার ও ভিডিপি লো-কস্ট আবাসন নীতিমালা-২০২৬"** নামে অভিহিত হবে।

৩। **উদ্দেশ্য।**

ক। লো-কস্ট বাসা বরাদ্দ ও বাতিল করা।

খ। আবাসন সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান করা।

গ। ভাড়া আদায়সহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা ও

ঘ। আবাসন সংক্রান্ত সার্বিক উন্নয়ন নিশ্চিত করা।

৪। **পরিচালনা কমিটি।**

**উপদেষ্টাঃ** কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

| | | |
|---|---|---|
| ক। | পরিচালক, সফিপুর আনসার ব্যাটালিয়ন | - সভাপতি |
| খ। | উপপরিচালক (প্রশাসন) বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি | - সদস্য |
| গ। | আবাসন কর্মকর্তা, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর | - সদস্য |
| ঘ। | উপ-সহকারী প্রকৌশলী, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি | - সদস্য |
| ঙ। | ব্যবস্থাপনা কমিটির সভাপতি (লো-কস্ট আবাসন ব্যবস্থাপনা কমিটি) | - সদস্য |
| চ। | সহকারী পরিচালক (প্রকল্প ও প্রশিক্ষণ), বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি | -সদস্য সচিব |

৫। **কমিটির দায়িত্ব।**

৫.ক। আবেদনকারী ব্যক্তির অঙ্গীকারনামাসহ নির্ধারিত ফরমে আবেদন কমিটির সভাপতি বরাবর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে গ্রহণ করতে হবে।

৫.খ। বিধি ও নীতিমালার আলোকে আবেদনকারীদের প্রাধিকার ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রণয়ন (রেজিস্টারে তারিখ ভিত্তিক) এবং সে মোতাবেক বাসা বরাদ্দ প্রদানের ব্যবস্থা করতে হবে।

৫.গ। কমিটি লো-কস্ট আবাসন সংক্রান্ত সকল কার্যক্রম তদারকি এবং উপদেষ্টার পরামর্শক্রমে আবাসন সংক্রান্ত সকল গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

৫.ঘ। বাসা বরাদ্দ বাতিল সংক্রান্ত কার্যক্রমের জন্য অধিনায়ক, সফিপুর আনসার ব্যাটালিয়ন দায়বদ্ধ থাকবেন।

৫.ঙ। বাসা বরাদ্দের ক্ষেত্রে কর্মস্থল, স্থায়ী ঠিকানা, পরিবারের সদস্য সংখ্যা, পারিবারিক সমস্যা/প্রয়োজনের গুরুত্ব অনুধাবন করে ক্রমানুসারে বিবেচনা করতে হবে।

৫.চ। উক্ত কমিটি প্রতি ০৩ (তিন) মাস অন্তর কমপক্ষে একবার সভায় মিলিত হবে। সেখানে অধিনায়ক/উপপরিচালক, সফিপুর আনসার ব্যাটালিয়ন বিগত সময়ের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করবেন।

৫.ছ। পরিচালনা কমিটি আবেদন ফরম ও অঙ্গীকারনামার ফরম্যাট প্রস্তুত পূর্বক ওয়েলফেয়ার শাখার অনুমোদন গ্রহণ করতে হবে।

৬। **ভাড়া উত্তোলন**।

৬.ক। পরিচালনা কমিটি ভাড়া উত্তোলন করে ব্যাংক এশিয়ায় পরিচালিত BANGLADESH ANSAR-VDP WELFARE TRUST FUND (HOUSING) হিসাব নম্বর-৬২৭৩৩০০০৬৪১, রাউটিং নম্বর-০৭০২৬১০৪০, টাওয়ার শাখা, ঢাকায় জমা করতে হবে। জমা স্লিপ ওয়েলফেয়ার শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকায় প্রেরণ করতে হবে।

৬.খ। কোন কারণে সর্বোচ্চ দুই মাস বাসা ভাড়া, গ্যাস ও বিদ্যুৎ বিল বকেয়া থাকলে কমিটি সংশ্লিষ্ট ব্যক্তির বকেয়া ভাড়া আদায় করবে। ভাড়া প্রদানে ব্যর্থ হলে তার বরাদ্দ বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭। **ব্যবস্থাপনা কমিটি**। লো-কস্ট আবাসন এর ব্যবস্থাপনা কমিটি (Maintenance Committee) বৈধ বাসিন্দাদের মধ্য হতে ১০ (দশ) সদস্যের সমন্বয়ে গঠন করতে হবে। ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ পরিচালনা কমিটি ও লো-কস্টে বসবাসকারী সদস্যদের উপস্থিতিতে নির্বাচিত/মনোনীত হবেন। **ব্যবস্থাপনা কমিটির গঠন নিম্নরূপ:-**

| | | | |
|---|---|---|---|
| ক। | সভাপতি | - | ০১ (এক) জন |
| খ। | সহ-সভাপতি | - | ০১ (এক) জন |
| গ। | সদস্য সচিব | - | ০১ (এক) জন |
| ঘ। | কোষাধ্যক্ষ | - | ০১ (এক) জন |
| ঙ। | সদস্য | - | ০৬ (ছয়) জন |

৮। **ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব**।

৮.ক। আবাসন এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।

৮.খ। সমস্যা চিহ্নিত করে কর্তৃপক্ষকে অবহিত এবং সাধ্যমত সমাধানের চেষ্টা করতে হবে।

৮.গ। উন্নয়নমূলক কাজ প্রয়োজন হলে, সেগুলো নির্ধারণ করে কর্তৃপক্ষের নিকট সুপারিশ করবে।

৮.ঘ। ছোটখাটো ঝগড়া-বিবাদ দেখা দিলে নিজেদের মধ্যে মীমাংসার ব্যবস্থা করতে হবে।

৮.ঙ। নিজেদের আঙিনার সৌন্দর্য বর্ধন করা এবং আগাছা নির্মূল করতে হবে।

৮.চ। ঝুঁকিপূর্ণ স্থাপনা ও গাছ থাকলে কর্তৃপক্ষকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

৮.ছ। সংস্কার কাজের প্রয়োজনীয়তা দেখা দিলে সেগুলো পরিচালনা কমিটিকে অবহিত করতে হবে।

৮.জ। প্রতিবেশীদের কর্মকাণ্ড নজরদারি করা এবং অসঙ্গতি নজরে আসলে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

৮.ঝ। মশার উপদ্রব দেখা দিলে ফগার মেশিন ব্যবহার করে মশা নিধনের ব্যবস্থা করতে হবে।

৮.ঞ। আবাসিক এলাকায় মাদক পরিবহন, সংরক্ষণ, গ্রহণ ও ক্রয়-বিক্রয় সম্পূর্ণভাবে নিষিদ্ধ। মাদকের সাথে সম্পৃক্ততা পরিলক্ষিত হলে কমিটির আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮.ট। কমিটি সার্বিক বিষয়ে মাসে একবার সভা আয়োজন করবে এবং সমস্যা চিহ্নিত করে রেজুলেশনসহ পরিচালনা কমিটির নিকট উপস্থাপন করতে হবে।

৮.ঠ। কোন সদস্য অনৈতিক কার্যক্রমের সাথে সম্পৃক্ত হলে তাৎক্ষণিক পরিচালনা কমিটিকে অবহিত করতে হবে।

৮.ড। আবাসন এলাকায় রাতে প্রয়োজনীয় লাইটিং এর ব্যবস্থা রাখতে হবে।

৮.ঢ। আশেপাশের ড্রেইন ব্লিচিং পাউডার ব্যবহার করে পরিষ্কার করার ব্যবস্থা করতে হবে।

৮.ণ। প্রতি সপ্তাহের শনিবার ০৯০০ ঘটিকা হতে ১২০০ ঘটিকা পর্যন্ত সাপ্তাহিক ভিত্তিতে ঘাস কর্তন ও টয়লেট বাথরুমসহ পুরো এলাকার পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করে হোয়াটসঅ্যাপ (WhatsApp)-এ ছবিসহ প্রতিবেদন দিতে হবে। একই ছবি ২য় বার ব্যবহার করা যাবে না।

৮.ত। ষাণ্মাসিক অডিট রিপোর্ট প্রদান করতে হবে ও ভাড়া উত্তোলনে সার্বিক সহযোগিতা করতে হবে।

৯। **শর্তাবলী।**

৯.ক। আবেদনকারী নির্ধারিত ফরমে কমিটির সভাপতি বরাবর আবেদন করবে এবং অঙ্গীকারনামায় স্বাক্ষর করবে।

৯.খ। আবেদনকারীর চাকরির মেয়াদ কমপক্ষে ০৩ (তিন) বছর পূর্ণ হতে হবে।

৯.গ। একজন সদস্য/সদস্যা সর্বোচ্চ ০২ (দুই) বছর বরাদ্দকৃত বাসায় অবস্থান করতে পারবে, যাতে পর্যায়ক্রমে অন্যান্য সদস্যগণ সমানভাবে আবাসন সুবিধা ভোগ করতে পারে। তবে বিশেষ প্রয়োজনে শুধুমাত্র একবার মেয়াদ বৃদ্ধির আবেদন করতে পারবে। নিম্নোক্ত হারে কর্তৃপক্ষের নিকট মেয়াদ বৃদ্ধির অধিকার সংরক্ষিত:

৯.গ.১। পরিচালনা কমিটির সিদ্ধান্তে - ০৩ (তিন) মাস।

৯.গ.২। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি - ০৬ (ছয়) মাস।

৯.গ.৩। অতিরিক্ত মহাপরিচালক - ০১ (এক) বছর।

৯.গ.৪। মহাপরিচালক - ০১ (এক) বছরের উর্ধ্বে যে কোন মেয়াদ।

৯.ঘ। কোন কারণে বাসা বরাদ্দ বাতিল হলে এবং অন্য কোন আবেদনকারী না থাকলে সংশ্লিষ্ট সদস্য পুনরায় নতুনভাবে বাসা বরাদ্দের জন্য আবেদন করতে পারবে। যারা পূর্বে বাসা বরাদ্দ পায়নি তারা অগ্রাধিকার পাবে।

৯.ঙ। প্রতি মাসের বাসা ভাড়া, গ্যাস ও বিদ্যুৎ বিল পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।

৯.চ। আবাসন এলাকায় কোনো ধরণের মাদক, অনৈতিক এবং শৃঙ্খলা পরিপন্থী কাজ করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে উক্ত ব্যক্তির বাসা বরাদ্দ বাতিল করা হবে এবং একই সাথে আইনানুগ যেকোনো ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯.ছ। রাজনৈতিক কর্মকান্ড হতে নিজেকে এবং নিজের পরিবারবর্গকে সম্পূর্ণরূপে বিরত রাখতে হবে।

৯.জ। বরাদ্দকৃত বাসায় পরিবারের সদস্য ব্যতীত (পরিবার বলতে সরকারি পরিভাষায় যা বুঝায়) অন্য কেউ বসবাস করতে পারবে না।

৯.ঝ। বাসায় অতিথি আগমনকে যথাসম্ভব নিরুৎসাহিত করতে হবে। নিকটাত্মীয় কেহ বেড়াতে আসলে তার অবস্থান যথাসম্ভব সংক্ষিপ্ত করতে হবে। কোনো ধরণের অতিথি আসলে এবং রাত্রিযাপনের প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষকে অবশ্যই অবগত করতে হবে।

৯.ঞ। প্রত্যেক আবাসন সুবিধাভোগী সদস্যগণকে পরিবারের অন্য সদস্যদেরকে প্রতিবেশী ও একাডেমিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীর পদবী/পদমর্যাদা সম্পর্কে সম্যক ধারণা এবং উত্তম আচরণ প্রদর্শন করার পরামর্শ দিতে হবে।

৯.ট। বাসায় সরকারিভাবে সরবরাহকৃত সকল সামগ্রীর রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোনো পরিবর্তন করা যাবে না।

৯.ঠ। কোনো সদস্য বদলি আদেশপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের ছাড়পত্র প্রদানের তারিখ হতে পরিচালনা কমিটির অনুমতিক্রমে সর্বোচ্চ ০৩ (তিন) মাস অবস্থান করতে পারবে। অতঃপর তাৎক্ষণিকভাবে তার বাসা বরাদ্দ বাতিল করা হবে; যদি অনুচ্ছেদ ৯ (গ) অনুযায়ী মেয়াদ বৃদ্ধির আদেশপ্রাপ্ত না হয়।

৯.ড। বাসার মেয়াদ বৃদ্ধি করতে চাইলে মেয়াদ পূর্তির কমপক্ষে ০২ (দুই) মাস পূর্বে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন করতে পারবেন।

৯.ঢ। বাসায় অবস্থানকালে প্রতিবেশীদের মধ্যে ঝগড়া হলে দায়ী ব্যক্তির আবাসন সুবিধা বাতিল হবে এবং দায়ী ব্যক্তি/ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯.ণ। স্বামী-স্ত্রী উভয়েই কর্মরত থাকলে উক্ত পরিবার লো-কস্ট বাসা বরাদ্দের ক্ষেত্রে বিবেচনায় আসবেন না।

৯.ত। বাসা বরাদ্দের ক্ষেত্রে বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি/সদর দপ্তরে কর্মরত (সংযুক্ত/মোতায়েন/পদায়নকৃত) সদস্য/সদস্যাগণ অগ্রাধিকার পাবেন।

৯.থ। বরাদ্দপ্রাপ্ত বাসা বিশেষ করে ছুটিকালীন বা কোর্সে থাকাকালীন সাবলেট দিতে পারবেন না।

৯.দ। অবহেলাজনিত কারণে গ্যাস/বিদ্যুৎ লাইন বা বাসা বাড়ির কোন ক্ষতি হলে সমপরিমাণ ক্ষতিপূরণ বাজারদর অনুযায়ী পরবর্তী মাসের ভাড়াসহ আদায় করা হবে।

৯.ধ। বাসা হস্তান্তর বা ছাড়ার সময় কর্তৃপক্ষ/প্রতিনিধিকে সরেজমিনে বুঝিয়ে দিতে হবে এবং আবাসন কমিটির সদস্য সচিবের নিকট হতে আবাসন সংক্রান্ত না-দাবি সনদ গ্রহণ করতে হবে।

১০। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নীতিমালার যে কোন ধরণের পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করা যাবে।

১১। "বাংলাদেশ আনসার ও ভিডিপি লো-কস্ট আবাসন নীতিমালা-২০২৬" জারির তারিখ হতে কার্যকর হবে।

১২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা জারি করা হলো।

**সংযুক্ত:** পরিশিষ্ট-১ ও পরিশিষ্ট-২, ০২ (দুই) পাতা।

০৮.০৭.২৬

মুহাম্মদ সাজ্জাদুর রহমান, বিভিএমএস, পিএএমএস
বিএভি-১২০০৭৩
পরিচালক (প্রশাসন)
**মোবাইল নম্বর ০১৩৩৫৩০০২৬০**
**ই-মেইল:** dir_admin@ansarvdp.gov.bd

“পরিশিষ্ট-১”

বরাদ্দের প্রাধিকার।

<u>**ট্রেডভিত্তিক বাসা বরাদ্দের প্রাধিকার:**</u>

| ক্রমিক নং | ট্রেড/শাখার নাম | লো-কস্ট বাসা বরাদ্দের হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | সিভিল স্টাফ | ১২% | |
| ২ | সংযুক্ত আনসার ব্যাটালিয়ন সদস্য (সদর দপ্তর/একাডেমি) | ৩৫% | |
| ৩ | প্রশাসনিক/মোতায়েনকৃত আনসার ব্যাটালিয়ন সদস্য | ১৫% | |
| ৪ | মহিলা আনসার ব্যাটালিয়ন | ০৮% | |
| ৫ | মহিলা আনসার-৬৭২ | ০৭% | |
| ৬ | বাদক/খেলোয়াড়/অন্যান্য | ২০% | |
| ৭ | সংরক্ষিত/অন্যান্য | ০৩% | |
| | মোট= | | |

কোনো ট্রেড/শাখার জনবল হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে প্রয়োজনে প্রতিবছর জানুয়ারি মাসে পরিচালনা কমিটির প্রস্তাব বিবেচনা করে লো-কস্টের বরাদ্দের হার সমন্বয় করে ওয়েলফেয়ার শাখা হতে আদেশ জারি করতে হবে।